ছাত্র বিষয়ক পরিচালকের দপ্তর
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.

সংশোধিত বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের সকল ডিসিপ্লিন প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ছাত্র বিষয়ক পরিচালকের দপ্তরে শিক্ষার্থীদের বায়োডাটা ফরম পূরণ করে জমা দেয়ার বিধান আছে। এর পরিপ্রেক্ষিতে সকল ডিসিপ্লিনের ২০২৪-২০২৫ এবং ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নতুন ভর্তিকৃত অনার্স/মাস্টার্স এর সকল শিক্ষার্থীদের ব্যাচ অনুযায়ী বায়োডাটা ফরম পূরণপূর্বক ডিসিপ্লিন প্রধানের মাধ্যমে শিক্ষার্থীদের রোল অনুযায়ী সাঁজিয়ে ছাত্র বিষয়ক পরিচালকের দপ্তরে আগামী ৩০-০৭-২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য বলা হলো। কোন শিক্ষার্থী নির্ধারিত তারিখের মধ্যে ডিসিপ্লিনের প্রধানের মাধ্যমে উক্ত ফরম পূরণপূর্বক জমা দিতে ব্যর্থ হলে পরবর্তীতে ১০০/- (একশত) টাকা জরিমানাসহ ছাত্র বিষয়ক পরিচালকের দপ্তরে বায়োডাটা ফরম জমা প্রদান করতে হবে।

ধন্যবাদান্তে-

(প্রফেসর ড. মোঃ নাজমুস সাদাত)
ছাত্র বিষয়ক পরিচালক
খুলনা বিশ্ববিদ্যালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। ডিন, সকল স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়।
২। প্রধান, সকল ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়।
৩। সকল নোটিশ বোর্ড, খুলনা বিশ্ববিদ্যালয়।
৪। সংশ্লিষ্ট নথি।